গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডিমলা, নীলফামারী।
www.dimla.nilphamari.gov.bd

তারিখ: ১৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৪ খ্রি.

স্মারকনং ৩১.০২.৭৩১২.০০০.০২.০১৫.২৩- 20

## ডিমলা উপজেলার জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি

ডিমলা উপজেলাধীন নিম্ন বর্ণিত জলমহালসমূহ ১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি / ব্যক্তিবর্গের নিকট হতে অনলাইনে www.lams.gov.bd ওয়েবসাইটে আবেদন দাখিল করার আহবান করা যাচ্ছে। ভূমি মন্ত্রনালয়ের সায়রাত -১ এর ০২ নভেম্বর, ২০২৩খ্রি: তারিখে ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী আবেদনপত্র নিম্নবর্ণিত তারিখ মোতাবেক সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত আবেদনপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং নির্ধারিত দিন বেলা ০৩.০০ টায় আবেদনকারী উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন বাক্স খোলা হবে।

অনলাইনে আবেদন দাখিল এবং নিষ্পত্তির সময়সীমা:

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | বাংলা ০৯-মাঘ -১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৩ ফাল্গুন-১৪৩০ বঙ্গাব্দ | অনলাইনে আবেদন দাখিল |
| ০২ | বাংলা ০৩ ফাল্গুন এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | বাংলা ১৬ ফাল্গুন ১৪৩০ এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | বাংলা ২৬ ফাল্গুন ১৪৩০ এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫ | বাংলা ১০ চৈত্র ১৪৩০ এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | বাংলা ১৭ চৈত্র ১৪৩০ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | বাংলা ২৩ চৈত্র ১৪৩০ এর মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১লা বৈশাখ, ১৪৩১ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

ইজারাধীন জলমহাল/ পুকুরসমূহ শুধুমাত্র ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ১৪৩৩ বঙ্গাব্দের ৩০শে চৈত্র ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

### জলমহাল/পুকুরসমূহের তালিকা ,সম্ভাব্য ইজারা মূল্য ও আবেদন গ্রহণের সময়

| ইউনিয়নের নাম | ক্রমিক নং | জলমহালের নাম | সরকারী ইজারা মূল্যে (১ম হতে ৩য় বছর পর্যন্ত) | ১ম বার আবেদন গ্রহণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| বালাপাড়া | ০১ | তরিদহ<br>মৌজা : ছাতনাই বালাপাড়া<br>খ:নং দাগনং জমি<br>০১ ৪৫৮১ ০.৬৮ একর | ৯৪,৫০০/- | বাংলা ০৯-মাঘ -১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৩ ফাল্গুন-১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত | |

০১। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে আবেদন ফি (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত টাকা) এবং জামানত (ইজারা মূল্যের ২০%)উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর বরাবরে তফসিলী ব্যাংকের পে—অর্ডার /ব্যাংক এর মাধ্যমে পৃথকভাবে জমা দিতে হবে।

০২। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে তার আবেদনগ্রহণের (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রথম বছরের ইজারামূল্য, ইজারামূল্যের অতিরিক্ত সর্বশেষ নীতিমালা অনুসরণপূর্বক আয়কর ও মূল্য সংযোজন কর সহ সম্পূর্ণ অর্থ জমা দিতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল করে সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হবে। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে সংশ্লিষ্ট জলমহালের সমুদয় অর্থ পরিশোধ ও চুক্তিনামা সম্পাদন করে জলমহলের দখল বুঝে নিতে হবে।

০৩। দ্বিতীয় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য প্রথম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। তৃতীয় বছরের সম্পূর্ণ ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং সর্বশেষ বছরের ইজারা মূল্যের সাথে জামানতের অর্থ সমন্বয় করা হবে।

০৪। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম ও ঠিকানাসহ দেয় দর অংকে এবং কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষা-মাঝা করা যাবেনা। প্রতিটি জলমহালের জন্য ভিন্ন ভিন্ন আবেদন দাখিল করতে হবে।

০৫। প্রত্যেক আবেদনকারীকে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করে জলমহাল ইজারা সংক্রান্ত প্রজ্ঞাপন অনুসরণ পূর্বক আবেদন করতে হবে।

০৬। ইজারাকৃত জলাশয়ের পূর্ববর্তী বছরের ইজারামূল্যের নূন্যতম ১৫% ইজারা মূল্য বৃদ্ধি করতে হবে।

০৭। ইজারাদারকে জলমহালগুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে জলমহালের কোনরূপ পরিবর্তন করা যাবেনা।

০৮। ইজারাদার কোন অবস্থাতে ইজারাকৃত জলমহাল সাব-লীজ দিতে পারবেন না।

০৯। যে কোন আবেদনপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০১/০১/২৪

(মোঃ নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ডিমলা, নীলফামারী।
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ডিমলা, নীলফামারী।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডিমলা, নীলফামারী ।
www.dimla.nilphamari.gov.bd

স্মারকনং ৩১.০২.৭৩১২.০০০.০২.০১৫.২৩- 20

তারিখ: ১৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। সচিব ,ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার ,রংপুর বিভাগ, রংপুর।
০৩।জেলা প্রশাসক, নীলফামারী।
০৪। পুলিশ সুপার, নীলফামারী।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা,নীলফামারী ।
০৬। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা,নীলফামারী
০৭। সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর।
০৮। উপজেলা ...................................অফিসার, ডিমলা,নীলফামারী
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিমলা থানা।
১০। সাব- রেজিস্ট্রার , ডিমলা,নীলফামারী
১১। চেয়ারম্যান ....................................(সকল) ইউ, পি, নীলফামারী । তাঁকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২।ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-------------------------------------------------(সকল)।তাঁকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। সচিব,-------------------------------------------------------------(সকল) ইউ, পি , নীলফামারী।
১৪।-------------------------------------------------------------------------------------
১৫। অফিস কপি।

(মোঃ নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ডিমলা, নীলফামারী।
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ডিমলা, নীলফামারী।

CamScanner